দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUL 17 1999

পৃষ্ঠা ১ কলাম ২

46

# রাঙ্গামাটি হাই স্কুলে সন্ত্রাসী হামলা ॥ ৬ ছাত্র আহত ৩ শিক্ষক লাঞ্ছিত

রাঙ্গামাটি, ১৬ জুলাই (নিজস্ব সংবাদদাতা) ॥ রাঙ্গামাটি সরকারী উচ্চ বিদ্যালয়ে ক্লাস চলাকালীন সময়ে একদল বহিরাগত সন্ত্রাসীর হামলায় ৬ ছাত্র আহত হয়েছে। এ সময় তিন শিক্ষক এগিয়ে এলে বহিরাগতরা তাদেরকেও লাঞ্ছিত

(২- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## রাঙ্গামাটি হাই স্কুলে (প্রথম পাতার পর)

করে। বৃহস্পতিবার বিদ্যালয়ের ডে শিফটের ক্লাস চলাকালীন সময়ে এ ঘটনা ঘটে। দুষ্কৃতকারীরা ৮ম শ্রেণীর শ্রেণীকক্ষে ঢুকে দরজা বন্ধ করে ছাত্রছাত্রীদের এলোপাতাড়িভাবে মারধর করে বলে প্রত্যক্ষদর্শীরা জানান। শ্রেণীকক্ষের সামনের বেঞ্চে বসাকে কেন্দ্র করে এ ঘটনা সৃষ্টি হয়েছে বলে ছাত্ররা জানান। এ ব্যাপারে থানার সাথে যোগাযোগ করা হলে পুলিশ ঘটনার কথা স্বীকার করে। তবে স্কুল এলাকায় পুলিশ টহল জোরদার করা হয়েছে বলে পুলিশ জানায়।